Downloaded From : http://cbseportal.com/

**এই প্রশ্নপত্রটিতে 30** টি প্রশ্ন [বিভাগ-ক (20) + বিভাগ-খ (5) অথবা বিভাগ-গ (5)] এবং **8** টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

রোল নং | | | | | | | | | | | | |

**Code No. 59/SS/O/B**
কোড নং

**Set/সেট A**

# বাংলা
# (303)

পরীক্ষার দিন ও তারিখ ______________________

তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর **1.** ______________________

**2.** ______________________

---

**সাধারণ নির্দেশাবলী :**

**1** পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

**2** দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

**3** উত্তর-পুস্তিকার উপরে কোনো রকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গন্য হবে।

**4** আপনার প্রশ্নপত্রের কোড নং **59/SS/O/B** এবং **Set-A** টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From : http://cbseportal.com/

# বাংলা

# (303)

সময় ঃ **3** ঘন্টা ] [ পুর্ণমান ঃ **100**

**দ্রষ্টব্য ঃ**

(i) এই প্রশ্নপত্রে 'ক', 'খ' এবং 'গ' তিনটি বিভাগ আছে ।

(ii) বিভাগ 'ক'-এর সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক ।

(iii) বিভাগ 'খ' এবং বিভাগ 'গ' - এর যে কোনো একটি বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে।

(iv) বিভাগ 'ক'-এর মান 85 এবং বিভাগ 'খ' অথবা বিভাগ 'গ'-এর মান 15 ।

## বিভাগ - ক

**(আবশ্যিক বিষয়)**

**1** (a) নীচের কাব্যাংশটির সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : **4**

"শঙ্খমালা নাম তার; এ-বিশাল পৃথিবীর কোনো নদী খালে
তারে আর খুঁজে পাবে নাকো-বিশালাক্ষী দিয়েছিল বর,
তাই সে জন্মেছে নীল বাংলার ঘাস আর ধানের ভিতর ।"

**অথবা**

"বাংলা ভাষা উচ্চারিত হলে নিকোনো উঠোনে ঝরে
রৌদ্র, বারান্দায় লাগে জ্যোৎস্নার চন্দন ।"

(b) নিচের কবিতাংশের ভাব-সৌন্দর্য স্পষ্ট করুন : **2**

"নরককুন্ড বলিয়া কে তোমা' করে নারী হেয় জ্ঞান ?
তারে বল আদি-পাপ নারী নহে, সে যে নর শয়তান ।"

**2** নীচের প্রশ্নগুলির মধ্যে দুটি প্রশ্নের উত্তর লিখুন : **2×2=4**

(a) "অর্ধেক তার নর ।" - 'নর' কে ? তাদের অর্ধেক বলা হয়েছে কেন ? **2**

(b) "... লেবুর শাখা নুয়ে থাকে ....;" - লেবুর শাখা কোথায় নুয়ে থাকে ? কেনই বা নুয়ে থাকে ? **2**

(c) "ঘুমপাড়ানির ছড়া" - ঘুমপাড়ানিয়া গান গেয়ে কাদের ঘুম পাড়ানো হয় ? কে ঘুমপাড়ানি গায় ? কেন এই গান গাওয়া হয় ? **2**



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From :http://cbseportal.com/

3 "জাতি কুল লাজ মান লোকচর্চা ডর ॥" - 'ডর' শব্দটির অর্থ কি ? উদ্ধৃত লাইনটির তাৎপর্য বিশ্লেষন করুন । 2

4 গীতিকাব্য মূলত কয়টি ভাগে বিভক্ত ? কি কি ভাগে ভাগ করা হয়েছে ? 'বৈষ্ণব পদাবলী' ধারার সংক্ষিপ্ত রূপ তুলে ধরুন । 2

5 'শ্লেষ' অলংকার কাকে বলে ? উদাহরন দিন । কেন হয়েছে বলুন ? 2

6 কবিতাংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : 1×4=4

"আমি তাকে ছেড়ে দিলাম
অপেক্ষায় দাঁড় করিয়ে রেখে দরজায়
আমি চলে গেলাম দূর ..... দূরে ।
সে জানতনা আমি আর কখনো ফিরে আসব না ।"

(a) 'আমি' বলতে কাকে বোঝানো হয়েছে ? 1

(b) কাকে ছেড়ে যাওয়ার কথা বলা হয়েছে ? 1

(c) কেন ছেড়ে চলে যাচ্ছে ? 1

(d) 'দরজায়' এই ধরনের প্রতীক রূপি শব্দ ব্যবহার করার কারন কী ? 1

7 নীচের গদ্যের সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন : 6

1983 সালে ঊনত্রিশে ডিসেম্বর সকালের প্রকৃতি কী বৈচিত্র্যময় !

**অথবা**

"প্রচুর টাকা লাগবে ।"



Downloaded From :http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From :http://cbseportal.com/

8 নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : 2+2+2+1=7

(a) পাইকারগুলো ফেরিওয়ালার মতো চিৎকার করছে কেন ? তাদের গরুগুলোকে কী ধরনের বিশেষনে বিষেষিত করেছে ? 2

(b) ভুবন অমায়িকভাবে কেন জিজ্ঞাসা করেছিল বৃন্দাবনকে তোমার ক-খানা গামছা বুনা হয়েছে ? 2

(c) "- মস্ত একটা পাপ তো করলাম এতদিন ধরে ?" - 'পাপ' কেন বলেছে ? 2

(d) জাহাজ যখন বরফ ভেঙে চলে তখন কী ধরনের শব্দ হয় ? ঐ শব্দের সঙ্গে লেখিকা কোন্ শব্দের তুলনা টেনেছেন ? 1

9 যেকোনো একটি প্রশ্নের উত্তর লিখুন : 2

(a) "এরা যেন বিধাতার শিশুসন্তানের মতো নিরুপায় ।" - উদাহরনটি কতটা পাঠাংশ অবলম্বনে যুক্তিযুক্ত - বিশ্লেষণ করুন ।

(b) "অর্জ্জুনের মত দেশে দেশে কত নামই এর প্রচলিত আছে ।" - একাধিক নাম ধারন করার কারন কী ?

10 অংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : 1×4=4

"কেবল অতি সামান্য একটা কারনে একটু মুশকিল বাধল । সেই হচ্ছে এই যে, পৃথিবীর অন্য দেশগুলোকে ভূতে পায়নি, তাই অন্য সব দেশে যত ঘানি ঘোরে তার থেকে তেল বেরোয় তাদের ভবিষ্যতের রথচএ্কটাকে সচল করে রাখবার জন্যে, বুকের রক্তপিষে ভূতের খর্পরে ঢেলে দেবার জন্যে নয় । কাজেই মানুষ সেখানে একেবারে জুড়িয়ে যায়নি । তারা ভয়ংকর সজাগ থাকে ।"

(a) পৃথিবীর অন্য দেশগুলোকে 'ভূতে' পায়নি বলতে কী বোঝাতে চেয়েছেন ? 1

(b) 'অন্য দেশ' বলতে কোন্ ধরনের দেশের কথা উল্লেখ করেছেন ? 1

(c) 'ঘানি' থেকে যে 'তেল' বেরোয় বলেছে, এই তেল বলতে কী বোঝাতে চাইছে ? 1

(d) কারা ভয়ংকর সজাগ থাকে এবং কেন ? 1

11 উত্তর লিখুন : 4

"শীতের বৈকাল ।" - শীতের বিকাল লেখকের মনে কী রূপে ধরা পড়েছে ?

**অথবা**

"জায়গা ভালো নয় ।" - এই উক্তি কে করেছিল এবং কেন করেছিল ?



Downloaded From :http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From : http://cbseportal.com/

**12** নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **1×4=4**

(a) ফুলকিয়া বইহারের জ্যোৎস্নারাত্রি বর্ণনা করুন। **1**

(b) "সূর্যের এ রূপ" - দুপুরের সূর্যের রূপের বর্ণনা করুন। **1**

(c) কাছারি থেকে তিন মাইল দুরে যে কুন্ডী আছে তাতে অল্প জল থাকলেও সত্যচরন সেই জল ব্যবহার করার প্রয়োজন মনে করেন নি কেন ? **1**

(d) সত্যচরন ঘোড়াকে কুন্ডীর জল খাওয়াবে বলে নিয়ে গিয়ে যে দৃশ্য দেখলেন - তা বর্ণনা করুন। **1**

**13** নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **2×5=10**

(a) যে কোন দুটি শব্দের প্রত্যয় ভেঙে দেখান : **2**

(i) নাচনি (ii) ক্ষয়িষ্ণু

(iii) জিজ্ঞাসা (iv) রামায়ন

(b) ব্যাসবাক্যগুলিকে সমাসবদ্ধ করুন : (2 টি) **2**

(i) মিলের অভাব (ii) বীনা পানিতে যার

(iii) চিঠি ও পত্র (iv) মামার বাড়ি

(c) অর্থানুসারে কি জাতীয় বাক্য, তা তালিকা থেকে বেছে লিখুন : (2 টি) **2**

( বাক্য - বিস্ময়, নাবাচক, প্রশ্ন )

(i) হুজুর, এ দুনিয়ায় ইনসাফ নেই।

(ii) কী অদ্ভুত ধরনের ভীষন সুন্দর দৃশ্য !

(iii) দৃশ্যটি কি অদ্ভুত ধরনের ভীষন সুন্দর নয় ?

(iv) গফুর এ সকল কথার ও উত্তর দিল না।

(d) বাংলা শব্দ ভান্ডারের কোন শ্রেনীর শব্দ এগুলি ? (2 টি) **2**

( শব্দ - বাংলা, সংস্কৃত, হিন্দি )

(i) হস্তী (ii) হাতি

(iii) ডেরা (iv) কানু

(e) গঠনগত দিক থেকে কোনটি কী ধরনের বাক্য : (2 টি) **2**

( বাক্য - যৌগিক, জটিল, সরল )

(i) জানা থাকলে বন্ধ খাঁচার ঘেরাটোপে খবর শোনা।

(ii) লাঙল লইতাম ও খেতে ছুটিতাম গাঁয়ের ও পথ ধরিয়া।

(iii) যখন আমাদের শিশুকাল, তখন ভোগ - বিলাসের আয়োজন ছিল না।

(iv) যারা মুসলমান তারা তো জন্মান্তর মানে না।



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From : http://cbseportal.com/

14 যে কোনো বিষয়ে একটি প্রতিবেদন রচনা করুন : 4

(a) বিনামূল্যে দরিদ্র্য মানুষদের জন্য চক্ষু অপারেশন শিবির করতে চান; এই বিষয় অবলম্বনে প্রতিবেদন রচনা করুন ।

(b) বস্তিতে আগুন লেগেছে । প্রায় সমস্ত কিছু শেষ হয়ে গেছে । আপনি সংবাদ সংগ্রহ করার জন্য উপস্থিত হলেন এবং সব দেখলেন - জানলেন । তারপর আপনার অনুভূতি প্রতিবেদন আকারে প্রকাশ করুন ।

15 সম্প্রতি স্বাস্থ্যবীমা সরকার চালু করেছে, উক্ত বিষয় অবলম্বনে আপনার অভিমত ব্যক্ত করুন । 2

**অথবা**

রবীন্দ্রনাথের 'বিসর্জন' নাটক আপনার পড়া ছিল না । সম্প্রতি আপনি লাইব্রেরী থেকে নিয়ে বইটি পড়লেন - আপনার অনুভূতি ব্যক্ত করুন ।

16 অংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর দিন : 1×3=3

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় কাপড়বোনা সুতো নিয়ে এমন কালোবাজারি শুরু হয়েছিল যে, দরিদ্র তাঁতিরা বাজার থেকে চড়া দামে সুতো কিনতে অক্ষম হয়ে পড়েছিল । সুতোর অভাবে তাঁতিদের কাজ বন্ধ হয়ে যায় । কর্মহীন তাঁতিদের পরিবারগুলি চরম আর্থিক ও মানসিক দুর্দশার সম্মুখীন হয় । শুরু হয় অনাহারের দিন ।

(a) 'কালোবাজারি' করার কারন কী ? 1

(b) 'কালোবাজারি' কারা করেছিল ? 1

(c) 'আর্থিক' ও 'মানসিক' দুর্দশা বলতে কী বোঝাতে চেয়েছেন ? 1

17 নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন : 4

(a) ধরা যাক একটি স্কুলে মোট 1000 জন ছাত্র পড়াশুনা করে । তার মধ্যে বিজ্ঞান বিভাগ নিয়ে পড়ছে 300 জন, বানিজ্য বিভাগ নিয়ে পড়ছে 50 জন, কলা বিভাগ নিয়ে পড়ছে 650 জন । আপনি একটি পাই চার্ট (pie chart) - এর সাহায্যে বিষয়টি পরিস্ফুটন করুন ।

**অথবা (OR)**

(b) আপনারা প্রত্যহ বাজার থেকে আপেল, আঙ্গুর, কমলালেবু কিনে খান । কখনো কখনো এই ফলগুলির জুস (juice) ও কিনতে পাওয়া যায় । এখন আঙ্গুর কিনে তার খোসা, বীজ ছাড়িয়ে তার জুস তৈরির ব্যাখ্যা করতে গেলে অনেক সময় এবং প্রচুর ব্যাখ্যার প্রয়োজন । কিন্তু সেই কাজই সহজে করা যায় একটা প্রবাহ চিত্রের সাহায্যে দেখান ।



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From : http://cbseportal.com/

18 যে কোন একটি বিষয় সম্বন্ধে একটি নিবন্ধ রচনা করুন : 8

(a) ড্রাগের নেশা সর্বনাশা ।

(b) সাহিত্যিক সুভাষ মুখোপাধ্যায় ।

(c) আধুনিক প্রযুক্তিবিজ্ঞান ও আমরা ।

(d) অবকাশ যাপন ।

19 চিঠি লেখার রীতি মেনে একটি বিষয় সম্বন্ধে একটি চিঠি লিখুন : 4

রক্তদান শিবির সংগঠনের জন্য অনুমতি প্রার্থনা করে পুরপ্রধানের কাছে চিঠি লিখুন ।

**অথবা**

বোনকে লেখা একটি ভ্রমনের অভিজ্ঞতা ।

20 নীচের গদ্যের / অনুচ্ছেদ বা কবিতাংশটি পড়ে তার সংক্ষিপ্তসার লিখুন : 3

ইউরোপ কিংবা আমেরিকার কেউ ঠিক এখনই এদেশের কোন কাজে আসবে বলে আমার তো মনে হয় না । তা ছাড়া কোন পাশ্চাত্য দেশবাসীর পক্ষে এদেশের জলবায়ু সহ্য করা বিশেষ কষ্টসাধ্য । এনি বেস্যান্টের অসাধারন শক্তি থাকলে ও তিনি কেবল থিওসদিষ্টদের মধ্যে কাজ করেন; ফলে এদেশে ম্লেচ্ছদের যে রকম সমাজবর্জিত হয়ে থাকা প্রকৃতি নানা অসম্মান ভোগ করতে হয়, তাকেও তাই করতে হচ্ছে । এমন কি গুডউইন পর্যন্ত মাঝে মাঝে যন্এনায় অস্থির হয়ে ওঠে এবং তাকে ঠিক করে দিতে হয় । গুডউইন বেশ কাজ করছে, সে পুরুষ বলে লোকের সঙ্গে মিশতে বাধা নেই । কিন্তু এদেশে পুরুষদের সমাজে মেয়েদের কোন স্থান নেই, মেয়েরা শুধু নিজেদের মধ্যেই কাজ করতে পারে ।

**অথবা**

শ্যামলা বিপুলা এ ধারার পানে
চেয়ে দেখি আমি মুগ্ধ নয়নে ।
সমস্ত প্রানে কেন যে কে জানে
ভরে আসে আঁখি জল -
বহু মানবের প্রেম দিয়ে ঢাকা,
বহু দিবসের সুখে দুঃখে আঁকা,
লক্ষ যুগের সংগীতে মাখা
সুন্দর ধরাতল ।
এ ধরার মাঝে তুলিয়া নিনাদ
চাহি নে করিতে বাদ প্রতিবাদ,
যে কদিন আছি মানসের সাধ
মিটাবে আপন মনে -
যার যাহা আছে তার থাক তাই,
কারো অধিকারে যেতে নাহি চাই
শান্তিতে যদি থাকিবারে পাই
একটি নিভৃত কোনে ।



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From : http://cbseportal.com/

## বিভাগ - খ : ঐচ্ছিক বিষয়

### (পর্যটন)

21 লণ্ডনের প্রথম পর্যটন শিল্পের নাম কী ? 1

22 লণ্ডনের প্রথম পর্যটন শিল্প কত খ্রীষ্টাব্দে স্থাপিত হয় ? 1

23 'পর্যটনের' ব্যুৎপত্তিগত অর্থ কী ? 1

24 পর্যটন দেশের অর্থনৈতি শ্রীবৃদ্ধিতে কী ভাবে সাহায্য করে এবং উন্নয়ন প্রসারের ক্ষেত্রে বাধাগুলি কী কী ভাবে আসে - তা আপনার দৃষ্টিতে ধরা পড়েছে বলে মনে হয় তা বিস্তৃতভাবে ব্যাখ্যা করুন । 5

25 পর্যটকের সঙ্গে পর্যটনস্থলের রাষ্ট্রীয় সম্পর্কের ভিত্তিতে পর্যটন কত প্রকার এবং কী কী ? প্রচলিত ধারনায় ভারতের ঐতিহ্য - পর্যটনশিল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ - কেন মনে হয়েছে আপনি ব্যক্ত করুন । 2+5=7

## বিভাগ - গ : ঐচ্ছিক বিষয়

### (গণজ্ঞাপন)

21 গনজ্ঞাপনের সংজ্ঞা লিখুন । 1

22 "তথ্য ও সংবাদ" - এর পার্থক্য কমপক্ষে তিনটি উদাহরন দিয়ে বুঝিয়ে দিন । 3

23 সংবাদের গুরুত্ব আপনি ব্যাখ্যা করুন । 3

24 একটি সংবাদপত্রের গ্রহনযোগ্যতা নির্ভর করে কয়টি শর্তের উপর এবং কী কী ? প্রত্যেকটি শর্ত বিশ্লেষন করুন । 1+3=4

25 সংবাদের ইতিবাচক ও নেতিবাচক দিকগুলি ব্যাক্ত করুন । 4

---



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS